

# যুগান্তর

## এবার প্রকৌশল গুচ্ছে সুযোগ পেল সেই কলেজের ৩৫ শিক্ষার্থী

👤 সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি

🕒 ১২ আগস্ট ২০২২, ২০:১৭:৫২ | [অনলাইন সংস্করণ](#)



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভর্তি পরীক্ষায় ১৬ জন ভর্তির সুযোগ পাওয়ার পর এবার সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজের ৩৫ শিক্ষার্থী ভর্তির সুযোগ পেয়েছে প্রকৌশল গুচ্ছে (রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়)।

কলেজের অধ্যক্ষ গোলাম আহমেদ ফারুক শুক্রবার যুগান্তরকে বলেন, বৃহস্পতিবার রাতে প্রকৌশল গুচ্ছের ফল আমরা হাতে পেয়েছি। আজ (শুক্রবার) তো কলেজ বন্ধ, তাই পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যায়নি। তবে এ পর্যন্ত আমরা ৩৫ জনের তথ্য পেয়েছি।

গোলাম আহমেদ ফারুক আরও বলেন, সৈয়দপুর শহরের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান এটি। প্রতি বছরই ভালো ফল করে শিক্ষার্থীরা। ২০১৯ সালের জুনে যখন আমি এখানে যোগ দেই, তখনই দেখেছি নানা কার্যক্রম। পরে আরও কিছু পদক্ষেপ নেই। এর ফল আমরা পাচ্ছি। এ

সব মিলিয়ে আমরা কলেজের ৩৫ জনের তথ্য পেয়েছি।

ভালোলাগা কাজ করছে। এ ফল আমাদের শিক্ষক ও শিক্ষার্থীদের অব্যাহত প্রচেষ্টার ফল। আমি সবাইকে অভিনন্দন জানাই। আমরা আরও এগিয়ে যাওয়ার জন্য সবার দোয়া ও সহযোগিতা চাই।

ফেসবুক স্ট্যাটাসে শুক্রবার কলেজের শিক্ষক আব্দুল আউয়াল জানান, এবার যারা প্রকৌশল গুচ্ছে ভর্তির সুযোগ পেয়েছে তারা হলো- সুমাইয়া অর্পিতা (মেধা তালিকায় ক্রম ৫৪), তুষার (১২৫), নূর আলম (১৪৬), সুফিয়ান (২২১), শামছি (২৮০), নাহিন (৪১৭), শুভ (৪৬৯), সুপ্ত (৪৯১), নিতু (৫৬৪), আরাফাত (৭০৬), মাহফুজ (৮৬০), অমৃত পাল (৯২৩), জাহিদ (৯৩৯), রাইসা (৯৮৫), শাওন (১১০৮), আসমাউল হুসনা (১২১০), পল্লব (১২২৮), শাহরিয়ার জিসান (১৩০৫), ফাহিম সরকার (১৩০৫), মনিষা রায় (১৩৫১), নাদিরা নুসরাত (১৬০৩), আবদুস সবুর সৌরভ (১৮৯৬), মালিহা মীম (২০২৬), অনিমেষ রায় (২১৫৬), নাইমুর রহমান নাহিদ (২৩২৯), শাকিরুল ইসলাম (২৩৪০), নাসিম মোল্লা (২৪৩৭), অর্ধি (২৬৩২), রাফিয়া নূর রিমতি (২৬৪৭), লাবিব মাহমুদ (২৯০৪), তামিম হোসেন (২৭৯৯), হুমায়ুন কবির (২৯৫৭), সিফাত হাসান (৩৩৯৭), নোভা (৩৪০৫) ও বাদশা (৩৮১৩)।

গত বছর প্রকৌশল ভর্তি পরীক্ষায় গুচ্ছ ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তির সুযোগ পেয়েছিল ৩২ জন। গত বছর বুয়েটে সুযোগ পেয়েছিল ১১ জন। এছাড়া এ প্রতিষ্ঠান থেকে ৩৯ জন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পেয়েছিল। কলেজটি থেকে ২০২০ সালে ৪০ জন, ২০১৯ সালে ৩৮ জন, ২০১৮ সালে ৩৬ শিক্ষার্থী সরকারি মেডিকেল কলেজে পড়ার সুযোগ পায়।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022